



রূপগঞ্জ শামীম খানের নেতৃত্বে শতাধিক নবীন শিক্ষার্থীর ছাত্রদলে যোগদান



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জের রূপগঞ্জ সরকারি মুড়াপাড়া কলেজের নতুন শিক্ষার্থীদের এক বৃহৎ অংশ ছাত্রদলের পতাকাতলে এসে যুক্ত হয়েছে। রোববার (২৩ নভেম্বর) কলেজ প্রাঙ্গণে সাবেক যুগ্ম আহ্বায়ক শামীম খানের নেতৃত্বে এ যোগদান কার্যক্রম সম্পন্ন হয়, যেখানে নবীনদের উৎসাহ-উদ্দীপনা ছিল চোখে পড়ার মতো। নবীনদের উদ্দেশ্যে বক্তব্য দিতে গিয়ে শামীম খান বলেন, “জাতীয় সংসদ নির্বাচন সামনে। দেশনায়ক তারেক রহমান, রূপগঞ্জের মোস্তাফিজুর রহমান দিপু এবং জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক গোলাম ফারুক খোকনের নেতৃত্বে আমরা শিক্ষক-শিক্ষার্থী সমাজকে আরও ঐক্যবদ্ধ ও শক্তিশালী করতে চাই। ছাত্রদল সবসময় মুড়াপাড়া কলেজের শিক্ষার্থীদের পাশে থাকবে।”

নবীন শিক্ষার্থীরাও জানান, দেশের ভবিষ্যৎ গঠনে তরুণ সমাজকে এগিয়ে আসতেই হবে। তারা বিশ্বাস প্রকাশ করেন যে ছাত্রদল তাদের একাডেমিক ও সংগঠনিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন রূপগঞ্জ থানা ছাত্রদলের সাবেক সদস্য সচিব মাসুম বিল্লাহ, কলেজ শাখা ছাত্রদলের সভাপতি আল আমিন ইসলাম প্রিন্স, মো. সেলিম নয়ন, সালাউদ্দিন সানি, মো. জলিল মিয়াসহ শাখা ছাত্রদলের অন্যান্য নেতৃবৃন্দ।